ময়মনসিংহে বঙ্গবন্ধু শেখ মুজিব ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল উদ্বোধন

করোনাকালীন সময়ে জনগণের মাঝে প্রাণচাঞ্চল্য ফিরিয়ে আনতে ময়মনসিংহের ত্রিশালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব অনূর্ধ্ব-১৭ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১১টায় সরকারি নজরুল একাডেমি মাঠে ত্রিশাল উপজেলা প্রশাসনের আয়োজনে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন ত্রিশাল আসনের জাতীয় সংসদ সদস্য ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানি।

ত্রিশাল উপজেলা নির্বাহী অফিসার মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান আবদুল মতিন সরকার, ভাইস চেয়ারম্যান হুমায়ুন কবির আকন্দ, অফিসার ইনচার্জ মাইন উদ্দীন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নজরুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম আহ্বায়ক এএনএম শোভা মিয়া আকন্দ ও আশরাফুল ইসলাম মন্ডল,সম্মানিত সদস্য ইকবাল হোসেন,নয়ন তালুকদার,বিভিন্ন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,পাশে দাঁড়াও এর জহির সরকার,বঙ্গবন্ধু ফাউন্ডেশন আহবায়ক নাজমুল হাসান জীবন,ছাত্রলীগ নেতৃবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

টুর্নামেন্টে উপজেলার ১২টি ইউনিয়ন অংশগ্রহণ করে। উদ্বোধনী খেলায় কাঁঠাল ইউনিয়ন ২-০ গোলে সাখুয়া ইউনিয়নকে পরাজিত করে।

মিনি প্রীতি ফুটবল ম্যাচে ১-০ গোলে স্বাগতিক বাবলাতলা একাদশ পরাজিত

মেহেরপুর বাবলাতলা একাদশের উদ্যোগে মিনি প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। গতকাল শুক্রবার বিকালে সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত স্বাগতিক বাবলাতলা একাদশ ও রেড সক্সের মধ্যকার খেলায় রেড সক্স ১-০ গোলে জয়লাভ করে।
নির্ধারিত সময়ে খেলাটি গোল শূন্যভাবে শেষ হওয়ায় শেষ পর্যন্ত ট্রাইবেকারের মাধ্যমে খেলার নিষ্পত্তি ঘটানো হয়। খেলায় রেড সক্স একাদশের পক্ষে একমাত্র গোলটি করেন আকাশ। রেড সক্স ট্রাইবেকারে ১-০ গোলে স্বাগতিক বাবলাতলা কে পরাজিত করে।
খেলায় বাবলাতলা একাদশে রফিক, সঞ্জু, মিলন, মিন্টু, হৃদয়, রোমেল, বাবলু, অংকন, সেলিম, আকিব এবং মিজান। রেড সক্স একাদশে আকাশ, বিক্রম, জিম, নন্দ, সাইফুল, শুভ, জিকো, বাঁধন, জীবন এবং মনা অংশগ্রহণ করেন।

গাংনীতে অনূর্ধ্ব-১৭বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট এর উদ্বোধন

গাংনীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) আন্তঃ ইউনিয়ন ফুটবল প্রতিযোগিতার শুভ উদ্বোধনী অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেল ৪ টার সময় গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে গাংনী ফুটবল মাঠ ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে একই সাথে দুটি ভেন্যুতে ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। উক্ত আয়োজনে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। গাংনী ও জোড়পুকুরিয়া ফুটবল মাঠে প্রধান অতিথি হিসাবে খেলার উদ্বোধন করেন,গাংনী

উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আ.লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এসময় গাংনী ফুটবল টুর্নামেন্টের মাঠে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী,গাংনী উপজেলা পরিষদেও মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারমীর হাবিবুল বাসার, ষোলটাকা ইউপি চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান প্রমুখ।গাংনী মাঠে ষোলটাকা ইউনিয়ন একাদশ ৩ শুন্য গোলে রাইপুর ইউপিকে পরাজিত করে।

অন্যদিকে জোড়পুকুরিয়া ফুটবল মাঠেখেলার উদ্বোধন ঘোষনা করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মটমুড়া ইউপি চেয়ারম্যান, সোহেল আহমেদ, তেঁতুলবাড়ীয়া ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি রতন বিশ্বাস, জোড়পুকুরিয়া মাদ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী, ম্যাচ কমিশনার বিশিষ্ট ক্রীড়াবিদ সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম।

জোড়পুকুরিয়া মাঠে মটমুড়া ইউপি একাদশ ২ শূন্য গোলে তেঁতুলবাড়ীয়া ইউপি একাদশকে পরাজিত করে। ধারা ভাষ্যে ছিলেন, পারভেজ সাজ্জাদ রাজা ও এফ আই মিল্টন। খেলা পরিচালনা করেন, বাফুফে’র রেফারী আব্বাস আলী, আহসান হাবীব, ইয়াছির আরাফাত বিপ্লব, মাহবুব হোসেন, সাজেদুর রহমান সজল। খেলার রেকর্ড লিপিবদ্ধ করেন আমিরুল ইসলাম অল্ডাম ও সাবেক ক্রীড়া সমম্পাদক আতর আলী।

টস জিতে প্রথমে ব্যাটিংয়ে বাংলাদেশ

শ্রীলংকার বিরুদ্ধে টস জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। মঙ্গলবার মিরপুর শেরেবাংলা জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিতব্য এ ম্যাচে দুটি পরিবর্তন হয়েছে।

চূড়ান্ত একাদশ থেকে বাদ পড়েছেন মিঠুন। দ্বিতীয় ওয়ানডের একাদশে তার পরিবর্তে নেয়া হয়েছে মোসাদ্দেক হোসেন সৈকতকে। প্রথম ম্যাচে গোল্ডেন ডাক পেয়ে ফিরে গিয়েছিলেন মিঠুন।

অপরদিকে, মোসাদ্দেক দীর্ঘ দিন ধরে নজরে থাকলেও চোটের কারণেই সুযোগ পাননি। নিউজিল্যান্ডে শেষ ম্যাচটিতে বিপদে পড়ে চোট নিয়েই খেলেছিলেন এই অলরাউন্ডার।

শ্রীলঙ্কা সফরে টেস্ট সিরিজে দুর্দান্ত বোলিং করা তাসকিন আবার ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে ভালো করতে পারেননি। সেই সঙ্গে যোগ হয়েছে চোট। ম্যাচ শুরুর শেষ মুহূর্ত পর্যন্তও তাসকিন ফিট হতে না পারায় তাকেও একাদশ থেকে বাদ দেয়া হয়েছে। তাসকিনের বদলে অভিষেক হয়েছে পেসার শরিফুল ইসলামের। শরিফুল ইতোমধ্যে টি-টোয়েন্টি ও টেস্ট খেলেছেন, কিন্তু এর আগে ওয়ানডে খেলার সুযোগ হয়নি এ বাঁহাতি পেসারের।

বাংলাদেশ সফরে আসা শ্রীলংকার ওয়ানডে দলের চেয়ে অভিজ্ঞতায় অনেক এগিয়ে রয়েছে।

চলতি সিরিজের বাংলাদেশ দলের চার ক্রিকেটার মাহমুদউল্লাহ (১৯৫), সাকিব আল সাহান (২১০) তামিম ইকবাল (২১৪) ও মুশফিকুর রহিম (২২৫) ১৯৫ বা তার বেশি ওয়ানডে খেলেছেন। সেখানে শ্রীলংকার সবচেয়ে অভিজ্ঞ খেলোয়াড় কুশাল পেরেরা খেলেছেন ১০২টি ওয়ানডে।
মিরপুর শেরেবাংলা জাতীয় স্টেডিয়ামে সব মিলিয়ে আট হারের বিপরীতে ১৮টি ওয়ানডে জিতেছে শ্রীলংকা। এই ভেন্যুতে শেষ ছয় ম্যাচের তিনটিতে হেরেছে তারা

মুশফিকের জন্য আফসোস পাপনের

শ্রীলংকার বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথমটিতে দুর্দান্ত নেপুণ্য দেখিয়েছেন মি. ডিপেন্ডেবলখ্যাত মুশফিকুর রহিম।

চার নম্বরে ব্যাট করতে নেমে খেলেছেন ৮৭ বলে ৮৪ রানের ঝলমলে ইনিংস।

তবু মুশফিকের জন্য খারাপ লাগছে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) প্রধান নাজমুল হাসান পাপনের।

মাত্র ১৬ রানের জন্য সেঞ্চুরি মিস করেছেন এই উইকেটকিপার ব্যাটসম্যান। সে জন্য আফসোস হচ্ছে বিসিবিপ্রধানের।

রোববার বাংলাদেশের ইনিংস শেষে গণমাধ্যমের সামনে কথা বলেন নাজমুল হাসান পাপন। সেখানে তামিম ও মুশফিককে নিয়ে আফসোস প্রকাশ করেন।

বিসিবিপ্রধান বলেন, তামিম, মুশফিক, রিয়াদ, সাকিব— যারা সিনিয়র ক্রিকেটার, এদের নিয়ে এখন মন্তব্য করতে চাই না। তবে মুশফিক অসাধারণ ইনিংস খেলেছে আজকে (রোববার)। মুশফিক অসাধারণ খেলোয়াড়ও। তামিম, রিয়াদ, মুশফিক এবং সাকিব তো অসাধারণ খেলোয়াড়ই আমাদের, আমরা সেটি অস্বীকার করছি না। তারা আমাদের দলের সেরা ব্যাটসম্যান।

তবে মুশফিকের জন্য খারাপ লাগে যে একটি নিশ্চিত সেঞ্চুরি হাতছাড়া হয়ে গেল। কারণ ৮৪ রান করে রিভার্স সুইপ করেছে ও। আর এই শটটা ও (মুশফিক) খুব ভালো খেলে। ওর পছন্দের শট এটা। আর ওই শটের আউট হলো সে। ওই সময় একটা প্লেয়ারের কেমন কষ্ট লাগে সেটি ওই ভালো বলতে পারবে। কিন্তু মুশফিকের জন্য আফসোস হচ্ছে। আসলে তামিম ও মুশফিক দুজনের জন্যই আফসোস হচ্ছে। কারণ এখানে একটা সেঞ্চুরি করার সুযোগ ছিল।

৮৪ রানের মাথায় এমন আউট হয়ে আফসোস-আক্ষেপ অবশ্য মুশফিকেরও হয়েছে। সেঞ্চুরি না পাওয়ার আক্ষেপ যে কতটা পুড়িয়েছে মুশফিককে সেটি আউট হওয়ার পরই তার বডি ল্যাঙ্গুয়েজেই বোঝা গেছে।

গতকাল ৪৩ রানে ২ উইকেট পড়ে যাওয়ার পর ক্রিজে নেমে হাসারাঙ্গা, উদানা, ধনঞ্জয়া, সান্দাকানকে বেশ ভালো খেলছিলেন মুশফিক। একটা সময় সেঞ্চুরির আশা উঁকি দিলেও সান্দাকানের বলে রিভার্স সুইপ করতে গিয়ে ৮৪ রানেই উদানার হাতে ক্যাচ তুলে দেন তিনি।

দামুড়হুদায় বিবাহিত-অবিবাহিত প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

দামুড়হুদায় সংখ্যালঘু বিবাহিত-অবিবাহিতদের মাঝে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বিকেলে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়।

দুই দলের খেলায় নির্ধারিত সময়ে উভয় দল ১-১ গোলে করে খেলাটি অমিমাংশিত ভাবে শেষ হয়।

দামুড়হুদা দাশপাড়া যুবসমাজের আয়োজনে ট্রাইবেকারে বিবাহিত দল ৩-২গোলে অবিবাহিত দল কে হারিয়ে জয়ের লক্ষে পৌঁছে যায়।

খেলায় রেফারির দায়িত্বে ছিলেন সহিদ আজম সদু, নুরুল হক, ইখতিয়ার হোসেন।

খেলা শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরস্কার তুলে দেন গোল্ডেনস্টার ক্লাবের সভপতি নওশাদ আলি। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ন সম্পাদক হাবিবুর রহমান হাবীব, সাংবাদিক তানজির ফয়সাল, এমআই মিরাজ।

এছাড়াও জাকির হোসেন, আতর আলি, ইমরান, বিমল, তুষার, আবু সামা, আনন্দ দাশ, মতি দাশ, আশা, ইমান আলি, শহিদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

বাবা হারালেন জাতীয় দলের স্পিনার

জাতীয় দলের স্পিনার সোহরাওয়ার্দী শুভ’র বাবা আব্দুর রশিদ বাবু মারা গেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

শনিবার ভোর ৫টা ১০ মিনিটে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি।

নিজের অফিসিয়াল ফেসবুক পেজে খবরটি নিশ্চিত করেছেন সোহরাওয়ার্দী শুভ।

শুভ’র বাবা আব্দুর রশিদ বাবু রংপুর প্রেসক্লাবের সভাপতি ছিলেন।

৩২ বছর বয়সী এই তারকা স্পিনার নিজের ফেসবুক পেজে লেখেন, ‘আমার পিতা রংপুর প্রেসক্লাবের সভাপতি আব্দুর রশিদ বাবু আজ ভোর ৫টা ১০ মিনিটে ইন্তেকাল করেছেন। মরহুমের জানাজার নামাজ আজ বাদ আছর রংপুর জুম্মাপাড়া করিমিয়া নুরুল উলুম (বড়) মাদ্রাসায় অনুষ্ঠিত হবে এবং দাফনকার্য মুন্সিপাড়া কবরস্থানে সুসম্পন্ন করা হবে।’

শুভ’র বাবার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন তার জাতীয় দলের সতীর্থ পেসার রুবেল হোসেন।

নিজের অফিশিয়াল ফেসবুক পেজে রুবেল লেখেন, ‘বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ক্রিকেটার সোহরাওয়ার্দী শুভ তার বাবা আজ ইন্তেকাল করেছেন। ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মহান আল্লাহ কাছে দোয়া করি । আল্লাহ যেন মরহুমকে জান্নাতুল ফেরদৌস নসিব করেন। আমিন।’

জাতীয় দলের হয়ে ১৭ ওয়ানডে খেলে ১৪টি উইকেট শিকার করেছেন সোহরাওয়ার্দী শুভ।

বাবলাতলা ও ইয়াংস্টার এর প্রীতি ফুটবল ম্যাচ ১-১ গোলে ড্র

মেহেরপুর বাবলাতলা একাদশের উদ্যোগে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এ প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়।
স্বাগতিক বাবলাতলা একাদশ ও ইয়ংস্টার ক্লাব এর মধ্যকার প্রীতি ফুটবল খেলাটি ১-১ গোলে শেষ হয়। খেলায় বাবলাতলা পক্ষে বিক্রম এবং ইয়াংস্টার এর পক্ষে সঞ্জু একটি করে গোল করেন।

১৬ বলে ৫৪ রানের ঝড়ো ইনিংস খেললেন আরেক আফ্রিদি

আফ্রিদি নামে ক্রিকেটবিশ্ব পাকিস্তানের কিংবদন্তি শহীদ আফ্রিদিকেই চেনে। তবে আরও এক আফ্রিদির আবির্ভাব ঘটেছে! তিনি পাকিস্তানের বুমুবুমখ্যাত শহীদ আফ্রিদি নন, নতুন আবিষ্কার এ আফ্রিদি হলেন শহীদ আফ্রিদি জুনিয়র।

ইউরোপিয়ান ক্রিকেট সিরিজ টি-টেন লিগে ভিএফবি গেলসেঙ্কির্চেনের বিপক্ষে মাত্র ১৬ বলে ৫টি চার ও ৫টি ছক্কায় ৫৪ রানের বিধ্বংসী ইনিংস খেলেন জার্মানির ক্লাব ক্রিকেটার শহীদ আফ্রিদি জুনিয়র। তার ঝড়ো ইনিংসে ভর করেই নির্ধারিত ১০ ওভারে ৪ উইকেটে ১১৬ রান করে এমএসসি ফ্রাঙ্কফুর্ট।

টার্গেট তাড়া করতে নেমে ১০ ওভারে ৫ উইকেট হারিয়ে ৮০ রান তুলতে সক্ষম হয় ভিএফবি গেলসেঙ্কির্চেনে। ৩৬ রানের ব্যবধানে ম্যাচ জিতে আফ্রিদি জুনয়িরের ফ্রাঙ্কফুর্ট। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে মাত্র ১২ বলে ফিফটির রেকর্ড গড়েন ভারতীয় তারকা অলরাউন্ডার যুবরাজ সিং। যুবির পর এই ১২ বলেই ফিফটির রেকর্ড গড়েন ওয়েস্ট ইন্ডিজের ক্রিস গেইল ও আফগানিস্তানের হযরত উল্লাহ জাজাই। টি-টোয়েন্টিতে ১৯ বলে ফিফটির রেকর্ড গড়েছেন পাকিস্তানের সাবেক অধিনায়ক শহীদ আফ্রিদি।

তবে ওয়ানডেতে মাত্র ১৬ বলে ফিফটি করেছেন এবি ডি ভিলিয়ার্স। ১৮ বলে ফিফটি করেছেন শহীদ আফ্রিদি।

তথ্যসূত্র: হিন্দুস্তান টাইমস।

‘প্লিজ বাবা সোজা বাড়ি ফিরে এসো’, ওয়ার্নারের মেয়ের আকুতি

করোনার দ্বিতীয় ঢেউয়ে বিপর্যস্ত ভারত। রোজ হাজার হাজার মানুষ মারা যাচ্ছে। আক্রান্ত হচ্ছেন লাখো মানুষ। এমতাবস্থায় দেশটির জনপ্রিয় টুর্নামেন্ট ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে।

আইপিএলের অন্যতম দামি খেলোয়ার ওয়ার্নার। তিনি এখনও ভারতে অবস্থান করছেন।

টুর্নামেন্ট বন্ধ হয়ে যাওয়ায় বিদেশি ক্রিকেটাররা বাড়ি ফিরতে মরিয়ে হয়ে উঠেছেন। কেউ কেউ ফেরার প্রস্তুতি এরই মধ্যে শুরু করে দিয়েছেন। কিন্তু অস্ট্রেলিয়ান ক্রিকেটাররা বড় বিপদে পড়েছেন। কারণ ভারত থেকে আপাতত অস্ট্রেলিয়ায় প্রবেশ নিষিদ্ধ।

এত টানাপোড়নের মাঝেই বাবাকে খোলা চিঠিতে বার্তা পাঠালেন সানরাইজার্স হায়দরাবাদের তারকা ক্রিকেটার ডেভিড ওয়ার্নারের মেয়ে আইভি। বাবার স্নেহ মমতা পেতে আকুল সে। শুধু আইভি নয় তার আরও দুই বোন বাবার সঙ্গ চায়।

ঋদ্ধিমান সাহার করোনা ধরা পড়ায় আপাতত গোটা সানরাইজার্স হায়দরাবাদ শিবির কোয়ারেন্টিনে আছে। ক্রিকেট অস্ট্রেলিয়া জানিয়েছে, ক্রিকেটারদের ফেরানোর ব্যাপারে তারা সরকারের কাছ থেকে কোনো রকম ছাড় চাইবে না। তবে কীভাবে অন্য উপায়ে ফেরানো যায় তা নিয়ে বিসিসিআইয়ের সঙ্গে আলোচনা চলছে।

এর মধ্যে ইনস্টাগ্রামে ওয়ার্নার একটি ছবি পোস্ট করেছেন। ছবিতে ওয়ার্নার এবং তার স্ত্রীর পাশাপাশি তিন সন্তানের চিত্র আঁকা হয়েছে। ছবির নিচে বড় মেয়ে আইভির লেখা বার্তা, ‘ড্যাডি, সোজা বাড়ি চলে এসো। আমরা তোমাকে মিস করছি। আমরা তোমাকে খুব ভালোবাসি। আইভি, ইন্দি এবং ইসলার পক্ষ থেকে ভালোবাসা রইল।

সন্তানদের খুবই ভালোবাসেন ওয়ার্নার। মেয়ের এমন আকুতি দেখে তর আর সইছে না।